

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

বিষয়ঃ জাতীয় মহিলা সংস্থা শেরপুর জেলা শাখা অফিস কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন।

সূত্রঃ ৩২.০২.০০০০.০০৪.২৫.০৭৩.১৪-২৩৪

তারিখঃ ০৩/১০/২০১৯খ্রিঃ

গত ০৫/১০/২০১৯ইং তারিখ নিম্নস্বাক্ষরকারিগণ ঢাকা থেকে সড়ক পথে শেরপুর জেলায় উপস্থিত হয়ে সেখানে স্থানীয় সার্কিট হাউজে রাত্রি যাপন করি এবং ০৬/১০/২০১৯ তারিখে সকাল ৯.০০ টায় জাতীয় মহিলা সংস্থার অফিসের কার্যক্রম এবং অন্যান্য উন্নয়ন প্রকল্পসমূহের কার্যক্রম পরিদর্শন করি। পরিদর্শনকালে চেয়ারম্যান, সদস্যবৃন্দ, জেলা কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। কার্যক্রম পরিদর্শন শেষে শেরপুরে রাত্রিযাপন করা হয় এবং ০৭/১০/২০১৯ সকাল ৮.০০টায় শেরপুর থেকে ঢাকার উদ্দেশে সড়ক পথে যাত্রা শুরু করি।

শেরপুর জেলা অফিস কার্যক্রমঃ জাতীয় মহিলা সংস্থা শেরপুর জেলা শাখার অফিস কার্যক্রম নিজস্ব ভবনে পরিচালিত হয়। অফিসে দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী প্রশিক্ষণ, আত্ম-কর্মসংস্থানে ক্ষুদ্র ঋণ কার্যক্রম, যৌতুক, বালাবিবাহ, উঠান বৈঠক ও APA কার্যক্রম, স্ব-কর্ম সহায়ক ঋণ কার্যক্রম, নারী নির্যাতন প্রতিরোধ কার্যক্রম চালু আছে। বর্তমানে প্রশিক্ষার্থীদের ৪ (চার) মাস মেয়াদী ৭০ তম ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ১৫ জন করে ২ শিফটে ৩০ জন প্রশিক্ষণ নিয়ে থাকে। সেলাই মেশিন গুলো ব্যবহারযোগ্য। এ যাবত ১৩৭৮ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উঠান বৈঠক এ কার্যক্রমের আওতায় নারী ও শিশু পাচার রোধ, বালা বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ, যৌতুক বিরোধী জনসচেতনতা সৃষ্টি, জেণ্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন বিভিন্ন বিষয়ে এ পর্যন্ত ৮৫ টি উঠান বৈঠক করা হয়েছে। বর্তমান পরিকল্পনা অনুযায়ী প্রতিমাসে ১ টি করে উঠান বৈঠক বাস্তবায়ন করা হয়। নারী নির্যাতন প্রতিকার সংক্রান্ত কার্যক্রমে এ পর্যন্ত শালিস ও মিমাংসার মাধ্যমে ৪টি আবেদনের চূড়ান্ত নিষ্পত্তি করা হয়েছে এবং ১ টি আবেদনের নিষ্পত্তি প্রক্রিয়াধীন রয়েছে।

স্ব-কর্ম সহায়ক ঋণ প্রদানঃ শুরু থেকে ২০০৯ সাল পর্যন্ত এ প্রকল্পের আওতায় মোট প্রাপ্ত ঋণ বরাদ্দ ও বিতরণের পরিমাণ ৪০,০০০/- (চল্লিশ হাজার টাকা)। মোট ঋণ গ্রহীতার সংখ্যা হচ্ছে ০৮ জন। খেলাপী ঋণের পরিমাণ ৩৩,২৩৭/-।

মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমঃ আত্মকর্মসংস্থানে মহিলাদের ক্ষুদ্রঋণ কার্যক্রমে এ যাবত ঋণ বিতরণের পরিমাণ ৩৪,৬৬,০০০/- লক্ষ টাকা। খেলাপী ঋণের পরিমাণ ৯,৮০,৬৩৪/- লক্ষ টাকা।

নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্পঃ শেরপুর জেলা শাখায় নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্পে ০৪ মাস মেয়াদী নকশাকাঁথা ও সেলাই প্রশিক্ষণ চালু আছে। এ পর্যন্ত ৪১০ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

তথ্য আপা প্রকল্পঃ তথ্য আপা প্রকল্পে ১ জন তথ্যসেবা কর্মকর্তা, ০২ জন তথ্য সেবা সহকারী ও ১ জন অফিস সহায়ক সহ মোট ৪জন উপস্থিত ছিল।

অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পঃ শেরপুর জেলাস্থ নকলা উপজেলায় অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পে বিজনেস ম্যানেজমেন্ট, ক্যাটারিং, ফ্যাশন ডিজাইন, বিএন্ড মার্শরুম,বিউটিফিকেশন ৫টি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়। প্রতিটি বিষয়ে ২৫ জন করে ২ শিফটে মোট ৫০ জন কে প্রশিক্ষণ দেয়া হয়। এযাবত বিজনেস ম্যানেজমেন্টে ৭৫০জন, ক্যাটারিং এ ৪০০ জন, ফ্যাশন ডিজাইনিংএ ৪০০জন, বিএন্ড মার্শরুম প্রশিক্ষণে ৪০০ জন এবং বিউটিফিকেশন এ ৪০০ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা): শেরপুর জেলা শাখায় জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পে (৬৪ জেলা) ০৬ মাস মেয়াদী সার্টিফিকেট ইন কম্পিউটার অফিস এপ্লিকেশন প্রশিক্ষণ চালু আছে। প্রশিক্ষণকারীদের সাথে মত বিনিময় করা হয়। তাদেরকে প্রশিক্ষণরত অবস্থায় পাওয়া যায়।

মন্তব্যঃ আত্ম কর্মসংস্থানে মহিলাদের ক্ষুদ্রঋণ কার্যক্রম এর অর্থ সঠিকভাবে বিতরণের জন্য এবং যথারিত্তি আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯/১০/১৯
লায়লা আরজুমান বানু
সহকারী পরিচালক (প্রকল্প চলতি দাঃ)
জাতীয় মহিলা সংস্থা

তাহসিনা বেগম
উপ-পরিচালক (সিনিঃসহঃসচিব)
জাতীয় মহিলা সংস্থা

9. 10. 2019
তাহসিনা সুলতানা
উপ-পরিচালক(উপ-সচিব)
জাতীয় মহিলা সংস্থা

বিতরণঃ

- ১) প্রকল্প পরিচালক, নভিপ্রাপ্র/অফনাউবিসাম/তথ্য আপা/জেভিমকপ্রপ্র।
- ২) চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, শেরপুর জেলা, নকলা উপজেলা।
- ৩) সহকারী পরিচালক, প্রশাসন/হিঃ ও অর্থ/প্রকল্প/প্রকাশনা, জামসা।
- ৪) পি এ টু চেয়ারম্যান/ পি এ টু নির্বাহী পরিচালক/পি এ টু পরিচালক, জামসা।
- ৫) অফিস কপি।